সংবাদ



৮।৪।৮২

৩৪১

# প্রাথমিক শিক্ষকরা রমজানের ১৫ দিন ছুটি-ভোগ করবেন না

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্রে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যকরী সংসদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ।

সভার এক প্রস্তাবে প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট চলাকালীন সময়ে শিশুদের শিক্ষার যে ক্ষতি হয়েছে তা পূরণের জন্য আগামী রমজান মাসের ১৫দিন ছুটিভোগ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। অপর এক প্রস্তাবে জাতীয় পরিষদের আগামী অধিবেশনে প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ আইনে পরিণত করার দাবী জানানো হয়। ৬ই মার্চ স্বাক্ষরিত চুক্তি মোতাবেক প্রাথমিক শিক্ষকদের ১৯৭৩ সালের ১লা সেপ্টেম্বর তারিখের পূর্বেকার চাকরির অর্ধেক কাল সরকারী চাকরিরূপে গণ্য করে আগামী ১৭ই এপ্রিলের পূর্বে শিক্ষকদের প্রাপ্য মিটানোর দাবী জানানো হয়। অপর এক প্রস্তাবে ঢাকা মহানগরীর সকল প্রাথমিক শিক্ষকদের সসম্মানে আগামী এক সপ্তাহের মধ্যে নিজ নিজ স্কুলে যোগদানের ব্যবস্থা করার জন্য সরকারের প্রতি দাবী জানানো হয়। প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যালয়ের একাংশ বিএনপি'র স্থানীয় কর্মকর্তা কর্তৃক বেআইনীভাবে দখলের তীব্র নিন্দা করা হয় ও অবিলম্বে ক্ষতিপূরণ সহ সমিতির কার্যালয় ছেড়ে দেওয়ার দাবী জানানো হয়। আর এক প্রস্তাবে আন্দোলনে অংশগ্রহণ করে আহত ও মৃত্যুবরণকারী প্রাথমিক শিক্ষকদের কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক সাহায্যদানের সিদ্ধান্ত গৃহীত হয়।